

আন্তর্জাতিক

‘ভুয়া খবরের’ অভিযোগে তিন সংবাদমাধ্যমকে নিষিদ্ধ করলেন ট্রাম্প

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ১৯ সেপ্টেম্বর ২০২৬, ০৪:৩৮ PM



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সিএনএন, এমএস নাও (MS NOW) ও পলিটিকোকে হোয়াইট হাউজে নিষিদ্ধ করার ঘোষণা দিয়েছেন। এসব সংবাদমাধ্যম তাঁর প্রশাসন নিয়ে নিয়মিত ‘ভুয়া খবর’ প্রকাশ করছে বলে অভিযোগ করেছেন তিনি।

গুত্রবার (১৮ সেপ্টেম্বর) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প এ ঘোষণা দেন। তিনি বলেন, প্রেসিডেন্ট, তাঁর প্রশাসন বা যুক্তরাষ্ট্র নিয়ে সংবাদ প্রকাশের ক্ষেত্রে সংবাদমাধ্যমগুলোর ‘মিথ্যা’ ও ‘মনগড়া’ তথ্য প্রচারের সুযোগ থাকা উচিত নয়।

ট্রাম্প আরও ইঙ্গিত দিয়েছেন, ভবিষ্যতে অন্য সংবাদমাধ্যমকেও একই ধরনের নিষেধাজ্ঞার আওতায় আনা হতে পারে। পরে হোয়াইট হাউজে সাংবাদিকদের সঙ্গে কথা বলেও তিনি আরও সংবাদমাধ্যমের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সম্ভাবনার কথা বলেন।

ট্রাম্পের পোস্ট অনুযায়ী, নিষেধাজ্ঞা তাৎক্ষণিকভাবে কার্যকর হওয়ার কথা। তবে এটি ঠিক কীভাবে কার্যকর হবে, তা স্পষ্ট করা হয়নি।

সাংবাদিকদের হোয়াইট হাউজের মাঠে প্রবেশ, প্রেস ব্রিফিংয়ে অংশ নেওয়া বা প্রেস পুলে থাকার ওপর নিষেধাজ্ঞা কীভাবে প্রযোজ্য হবে, সে বিষয়ে বিস্তারিত জানানো হয়নি।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, ট্রাম্পের ঘোষণার পরও সিএনএনের সাংবাদিকেরা হোয়াইট হাউজে কাজ করছিলেন। ফলে ঘোষিত নিষেধাজ্ঞা বাস্তবে কীভাবে কার্যকর হবে, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

এ ঘোষণার আইনি প্রভাব নিয়েও প্রশ্ন রয়েছে। যুক্তরাষ্ট্রের সংবিধানের প্রথম সংশোধনীতে সংবাদমাধ্যমের স্বাধীনতা ও মতপ্রকাশের অধিকার সুরক্ষিত। এ কারণে ট্রাম্পের পদক্ষেপ আইনি চ্যালেঞ্জের মুখে পড়তে পারে।

যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যমগুলোর সঙ্গে ট্রাম্পের বিরোধ নতুন নয়। ২০২৫ সালের ফেব্রুয়ারিতে তাঁর প্রশাসন অ্যাসোসিয়েটেড প্রেসের সাংবাদিকদের ওভাল অফিস, এয়ার ফোর্স ওয়ানসহ বিভিন্ন অনুষ্ঠানে প্রবেশে বাধা দিয়েছিল। পরে এ নিয়ে আদালতে মামলা হয়।

এর আগেও ট্রাম্পের প্রথম মেয়াদে সিএনএনের সাংবাদিক জিম অ্যাকোস্টার হোয়াইট হাউজে প্রবেশাধিকার বাতিল করা হয়েছিল। ওই ঘটনাও আদালতে গড়িয়েছিল।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত নিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক ট্রাকের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-হ্রোম হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাস্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও হ্রোম দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bhuya-khbrer-obhjoge-tin-sngbadmadhjmke-nishiddh-krln-tramp>